



# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : [iprd@bou.ac.bd](mailto:iprd@bou.ac.bd)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত  
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

## প্রেস রিলিজ

১২ মে ২০২৩



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত এসএসসি (মাধ্যমিক স্কুল সার্টিফিকেট) পরীক্ষা-২০২৩ এর প্রথম দিনে আজ ১২ মে ২০২৩ শুক্রবার বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ভুলতা উচ্চ বিদ্যালয়, রূপগঞ্জ, আইটি সরকারি উচ্চ বিদ্যালয় ও কমর আলী উচ্চ বালিকা বিদ্যালয়, নারায়নগঞ্জ পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এসময় তিনি পরীক্ষা কেন্দ্রের পরিবেশ দেখে সন্তোষ প্রকাশ করেন। পরীক্ষা কেন্দ্রেগুলোতে প্রশাসন ও কেন্দ্রের দায়িত্ব পালনকারীদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের নির্দেশ প্রদান করেন। তিনি নকল মুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এবছরে ২২১ টি পরীক্ষা কেন্দ্রে একযোগে এই পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। প্রথম ও দ্বিতীয় বর্ষে মোট ৪০ হাজার ১৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছেন। এর মধ্যে পুরুষ পরীক্ষার্থী ২৫ হাজার ১ শত ৫১ জন এবং নারী পরীক্ষার্থী ১৪ হাজার ৮ শত ৬৩ জন।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)